# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৬৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যদি মহান আল্লাহ কাউকে অর্থনৈতিক স্বচ্ছলতা দান করেন, তবে তার প্রতি নির্দেশ হলো তিনি জুমু‘আর জন্য দুটি পরিচ্ছন্ন কাপড় রেখে দিবেন, যা জুমু‘আহ ছাড়া অন্য কোন সময় পরিধান করবে না

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ أَنْ يَتَّخِذَ ثَوْبَيْنِ نَظِيفَيْنِ وَلَا يَلْبَسهُمَا إِلَّا فِي يَوْمِ الْجُمُعَةِ إِذَا كَانَ مِمَّنْ أَنْعَمَ اللَّهُ جَلَّ وَعَلَا عَلَيْهِ

---

আরবী

2766 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ أَبِي سَلَمَةَ قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُحَمَّدٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ وَيَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ رَجُلٍ مِنْهُمْ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَ يَوْمَ الْجُمُعَةِ فَرَأَى عَلَيْهِمْ ثِيَابَ النِّمَار فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا عَلَى أَحَدِكُمْ إِنْ وَجَدَ سَعَةً أَنْ يتخذ ثوبين لجمعته سوى ثوبي مهنته)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2766 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (990 ـ 989)

বাংলা

২৭৬৬. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু‘আয় খুতবা দিচ্ছিলেন, অতঃপর তিনি সাহাবীদের পরিধানে কাজের পোশাক দেখলেন, তখন তিনি বলেন, “তোমাদের কারো উপর কোন কিছু (দোষ) হবে না যদি তার স্বচ্ছলতা থাকে, আর কাজের পোশাক ব্যতীত জুমু‘আর জন্য দুটো কাপড় বানিয়ে নেয়।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৬৫; ইবনু মাজাহ: ১০৯৬; আবূ দাঊদ: ১০৭৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সমার্থক বর্ণনার কারণে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৮০-৯৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92096

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন